

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৪২

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ উক্ত নিষদ্ধ কাজকে ব্যাখ্যাকারী হাদীস

ذِكْرُ الْخَبَرِ الْمُصَرِّحِ بِهَذَا الشَّيْءِ الْمُزَجَوِّرِ عَنْهُ

আরবী

3142 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا الْحَكَمُ بْنُ مُوسَى قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ حَمْزَةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ بْنِ جَابِرٍ أَنَّ الْقَاسِمَ بْنَ مُخَيْمِرَةَ حَدَّثَهُ قَالَ: حَدَّثَنِي أَبُو بُرْدَةَ بْنُ أَبِي مُوسَى قَالَ: وَجِعَ أَبُو مُوسَى وَجَعَلَ يُغمى عَلَيْهِ وَرَأْسُهُ فِي حِجْرِ امْرَأَةٍ مِنْ أَهْلِهِ أَبِي مُوسَى قَالَ: أَنا بريء ممن برىء مِنْهُ فَصَاحَتِ امْرَأَةٌ فَلَمْ يَسْتَطِعْ أَنْ يَرُدَّ عَلَيْهَا شَيْئًا فَلَمَّا أَفَاقَ قَالَ: أَنا بريء ممن برىء مِنْهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ برىء من الحالقة والسالقة الشاقة.

الراوي: أَبُو بُرْدَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3142 | خلاصة حكم المحدث: صحيح _ ((الأحكام)) (43): ق.

বাংলা

৩১৪২. আবৃ বুরদাহ বিন আবৃ মুসা আশআরী থেকে বর্ণিত, তিনি বলেন, "যখন আবৃ মুসা আশআরী রাদ্বিয়াল্লাহু আনহু পীড়িত হন এবং বারবার জ্ঞান হারাতে থাকেন, সেসময় তার মাথা তার পরিবারের এক নারীর কোলে ছিল, তখন এক নারী চিৎকার করেন। কিন্তু আবৃ মুসা আশআরী রাদ্বিয়াল্লাহু আনহু তার কোন প্রতিবাদ করতে পারলেন না। অতঃপর যখন তিনি জ্ঞান ফিরে পান, তখন বলেন, "আমি ঐ ব্যক্তি থেকে মুক্ত, যার থেকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুক্ত। নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মাথা মুন্তনকারিনী, উচ্চ আওয়াজে বিলাপকারিনী ও কাপড়-চোপড় বিদীর্ণকারিনী থেকে মুক্ত ছিলেন।"[1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১২৯৬; সহীহ মুসলিম: ১০৪; আবূ আওয়ানা: ১/৫৬-৫৭; সুনান বাইহাকী: ৪/৬৪; নাসাঈ:



৪/২০; ইবনু মাজাহ: ১৫৮৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আহকামুল জানাইয়: ৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবৃ বুরদাহ্ ইবনু আবৃ মূসা আশ আরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন